# Press Statement on reports about Pakistan transferring the management and maintenance of the Holy Gurudwara Kartarpur Sahib

November 05, 2020

# পবিত্র গুরুদ্বার কার্তারপুর সাহিবের পরিচালন ও রক্ষণাবেক্ষণ পাকিস্তান হস্তান্তর করছে সংবাদ প্রতিবেদনের উপরে প্রেস বিবৃতি।

**নভেম্বর** 05, 2020

পবিত্র কার্তারপুর গুরুদ্বারের পরিচালন ও রক্ষণাবেক্ষণের নিয়ন্ত্রণ, পাকিস্তান সংখ্যালঘু শিখ সম্প্রদায় দ্বারা পরিচালিত পাকিস্তান গুরুদ্বারা প্রবন্ধক কমিটি( পিএসজিপিসি)-র থেকে পরিবর্তন করে একটি অ-শিখ কমিটি দ্বারা পরিচালিত ইভাক্যুয়ী ট্রাস্ট প্রোপার্টি বোর্ডের প্রশাসনিক নিয়ন্ত্রণের কাছে সমর্পন করছে, সম্পর্কিত সংবাদ প্রতিবেদনটি আমরা দেখেছি।

পাকিস্তানের এই এক তরফা সিদ্ধান্ত খুবই নিন্দা জনক এবং কার্তারপুর সাহিবের করিডোরের নীতি ও সেই সঙ্গে শিখ সম্প্রদায়ের ধর্মীয় আবেগের সম্পূর্ণ পরিপন্থী । পাকিস্তানের সংখ্যালঘু শিখ সম্প্রদায়ের অধিকার হরণ করার পাকিস্তানের এই প্রচেষ্টা পাকিস্তানের শিখ সম্প্রদায়ের কাছে গভীর চিন্তার বিষয় বলে আমরা শিখ প্রতিনিধি দলের কাছ থেকে অবগত হয়েছি। ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের অধিকার এবং কল্যাণকে পাকিস্তান সংরক্ষণ ও রক্ষা করে বলে পাকিস্তান সরকার এবং তার নেতৃত্ব যে মিথ্যে বড়াই করে এই ধরনের কার্যকলাপ তার সত্যতা উন্মোচন করে। পবিত্র গুরুদ্বারা কার্তারপুর সাহিবের পরিচালন বিষয়ে শিখ সংখ্যালঘু সম্প্রদায়ের অধিকারকে খর্ব করার স্বৈরতন্ত্রী সিদ্ধান্তকে পাল্টাবার জন্য ভারত পাকিস্তানকে জানিয়েছে।

নিউ দিল্লি
নভেম্বর 05, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.